দৈনিক বাংলা

তারিখ ২২/৭/৮২
পৃষ্ঠা

070

# নিরক্ষরতা দূর না করলে জাতির মুক্তি আসবে না : জাফর

ত্রাণ ও পুনর্বাসন প্রতিমন্ত্রী জনাব জাফর ইমাম দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে সরকারী কর্মসূচীর পাশাপাশি বিভিন্ন সামাজিক স্বেচ্ছাসেবী ও যুব সংগঠনগুলোকে স্বতস্ফূর্তভাবে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

বাসস'র খবরে প্রকাশ জনাব জাফর ইমাম গত রোববার ঢাকার শান্তিবাগে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক সংঘের প্রথম গণশিক্ষা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উপরোক্ত আহ্বান জানান। জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক সংঘ সারাদেশে এধরনের ১৫০টি গণশিক্ষা কেন্দ্র পরিচালনার কর্মসূচী নিয়েছে। শান্তিবাগের এই গণশিক্ষা কেন্দ্রে ২শ ছাত্রছাত্রী অধ্যয়ন করবে।

স্বেচ্ছাসেবক সংগঠন প্রধান কাজী সিরাজ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী বলেন নিরক্ষরতা হচ্ছে একটি অভিশাপ। জাতির মুক্তির জন্য নিরক্ষরতার এই অভিশাপকে অবশ্যই নির্মূল করতে হবে। কোন স্বাধীন জাতি ঔপনিবেশিক আমলের এই অভিশাপ সহ্য করতে পারে না। মন্ত্রী এ প্রসঙ্গে নিরক্ষরতা দূরীকরণ সহ মরহুম নেতা প্রেসিডেন্ট জিয়ার অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করার কথা স্মরণ করিয়ে দেন।